

Class-XII : Accountancy: Term- I (Half-Yearly) : 2021-22 : Marks : 40

(I) সঠিক উত্তরটি নির্বাচন করো :

1 x 10 = 10

(1) নীচের কোনটি অমুনাফাভোগী প্রতিষ্ঠান?

- (a) একক মালিকানা কারবার (b) অংশীদারী কারবার
(c) যৌথ মূলধনী কারবার (d) হাসপাতাল

(2) আয়-ব্যয় হিসাব নীচের কোন হিসাবের অনুরূপ?

- (a) ক্রয়-বিক্রয় হিসাব (b) লাভ-ক্ষতি হিসাব
(c) উৎপাদন হিসাব (d) লাভ-ক্ষতিবণ্টন হিসাব

(3) সঠিক বিকল্পটি নির্বাচন করো :

অমুনাফাভোগী প্রতিষ্ঠানের মুখ্য আয়ের উৎসগুলি হল —

- (a) সদস্যদের চাঁদা (b) অনুদান
(c) বিনিয়োগ থেকে আয় (d) উপরের সবগুলি

(4) ব্যয়ের অতিরিক্ত আয়কে বলে —

- (a) মোট লাভ (b) নীট লাভ
(c) উদ্ধৃত (d) ঘাটতি

(5) অংশীদারগণের চলতি হিসাব তখনই খোলা হয় যখন তাদের মূলধন হিসাব

- (a) স্থির (b) পরিবর্তনশীল
(c) স্থির এবং পরিবর্তনশীল উভয়ই (d) উপরের কোনটিই নয়

(6) অংশীদারি চুক্তিপত্রে কোনো উল্লেখ না থাকলে অংশীদারগণ মূলধনের উপর সুদ পায় —

- (a) 5% হারে (b) 6% হারে
(c) 6.5% হারে (d) কোনো সুদ পাবে না

(7) লাভ-ক্ষতি বণ্টনের হিসাব হল —

- (a) নামিক হিসাব (b) সম্পত্তি সম্পর্কীয় হিসাব
(c) ব্যক্তি সম্পর্কীয় হিসাব (d) এর কোনটিই নয়

(8) যদি কোনো অংশীদার প্রতি মাসের শুরুতে সমপরিমাণ উত্তোলন করে থাকে, তবে উত্তোলনের উপর সুদ ধা করা হয় —

- (a) 6 মাসের (b) 6½ মাসের
(c) 1 মাসের (d) 12 মাসের

(9) Revaluation A/C টি হল —

- (a) সম্পত্তি সংক্রান্ত হিসাব (b) নামিক হিসাব
(c) ব্যক্তি সম্পর্কীয় হিসাব (d) এর কোনটিই নয়

(10) যদি কোন কিছু উল্লেখ না থাকে, তবে ত্যাগানুপাত হবে —

- (a) নতুন অনুপাত (b) পুরানো অনুপাত
(c) সমানুপাত (d) মূলধন অনুপাত

অতি সংক্ষেপে উত্তর দাও :

1 x 20 = 20

- (1) অমুনাফাভোগী প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য কী?
- (2) অগ্রদত্ত ব্যয় কিভাবে হিসাবে সমন্বয় করবে?
- (3) প্রবেশমূল্য (Entrance Fee) কিভাবে হিসাবে সমন্বয় করবে?
- (4) অমুনাফাভোগী প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব প্রস্তুতির কয়টি ধাপ ও কী কী?
- (5) প্রাপ্য আয়কে কিভাবে হিসাবে সমন্বয় করবে?
- (6) উইল বলে প্রাপ্ত সম্পত্তি কী?
- (7) বিশেষ তহবিল-এর টাকা কিভাবে হিসাবে দেখানো হবে?
- (8) আদান প্রদান হিসাব কোন হিসাবের অনুরূপ?
- (9) অংশীদারি প্রতিষ্ঠানের সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?
- (10) লাভ-ক্ষতি হিসাব ও লাভ-ক্ষতি বণ্টন হিসাবের মধ্যে একটি পার্থক্য লিখ।
- (11) অংশীদারি প্রতিষ্ঠানে নিট বণ্টনযোগ্য লাভের বণ্টন সংক্রান্ত জাবেদা দাখিলাটি লিখ
- (12) অংশীদারি চুক্তিপত্রের অনুপস্থিতিতে অংশীদারগণের মধ্যে লাভ ক্ষতি বণ্টন সংক্রান্ত বিধান কী?
- (13) অংশীদারি চুক্তিপত্রের অনুপস্থিতিতে অংশীদারগণ কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদ সংক্রান্ত বিধান কী?
- (14) অংশীদারি চুক্তিপত্রের অনুপস্থিতিতে অংশীদারগণের উত্তোলনের উপর সুদ সংক্রান্ত বিধান কী আছে?
- (15) সনাম কাকে বলে?
- (16) সনামের মূল্য নিরূপণের দুটি পদ্ধতি উল্লেখ করো।
- (17) ত্যাগানুপাত কী?
- (18) ভোগী অংশীদার কাকে বলে?
- (19) প্রতিষ্ঠানের পুনর্গঠনে সম্পত্তির মূল্যবৃদ্ধিহেতু জাবেদা দাখিলাটি কী?
- (20) প্রতিষ্ঠানের পুনর্গঠনে দায়ের মূল্যবৃদ্ধিহেতু জাবেদা দাখিলাটি কী?

(III) সংক্ষেপে উত্তর দাও :

2 x 5 = 10

- (1) আয়-ব্যয় হিসাব এবং প্রাপ্তি ও প্রদান হিসাবের মধ্যে দুটি পার্থক্য লিখ।
- (2) সনামের মূল্য নির্ধারণ করা হবে গত পাঁচ বছরের গত মুনাফার তিন বছরের ক্রয় পদ্ধতি অনুসারে। গত পাঁচ বছরের নীট মুনাফা হল — 25,000 টাকা, 28,000 টাকা, 22,000 টাকা, 27,000 টাকা এবং 28,000 টাকা। সনাম নির্ণয় কর।
- (3) A এবং B-এর লাভক্ষতির অনুপাত 3 : 2। তারা C-কে $\frac{1}{5}$ অংশ ভবিষ্যত লাভের ভিত্তিতে অংশীদার হিসাবে গ্রহণ করে। A, B এর C-এর নতুন লাভ ক্ষতির অনুপাত নির্ণয় কর।
- (4) x এবং y-এর লাভ ক্ষতির অনুপাত 4 : 1, তারা z-কে $\frac{2}{5}$ অংশের লাভের ভিত্তিতে অংশীদার হিসাবে গ্রহণ করে। z সনামের মূল্য হিসাবে 5000 টাকা আনয়ন করে। সনামের টাকা কিভাবে x এবং y-এর মধ্যে বণ্টন করা হবে।
- (5) যখন নতুন অংশীদার তার সনাম বাবদ সেলামির অংশ আনতে অসামর্থ্য হয় তাহলে কিভাবে জাবেদা দাখিল দেখানো হবে?